দৈনিক
ইনকিলাব

তারিখ ... SEP 21 2006
পৃষ্ঠা ... ১২ কলাম ... ২

# বেসরকারী প্রাইমারী স্কুলে আজ থেকে তালা ঝুলিয়ে ধর্মঘট

## ঢাকায় ১০ অক্টোবর মহাসমাবেশ আমরণ অনশন আত্মাহুতি

স্টাফ রিপোর্টার

চাকরি জাতীয়করণের এক দফা দাবী আদায়ে বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক[illegible] আবার স্কুলে তালা ঝুলিয়ে ধর্মঘট পালনের কর্মসূচী ঘোষণা করেছে। আজ (বৃহস্পতিবার[illegible] থেকে আগামী ২৬ সেপ্টেম্বর পর্যন্ত ২৩ হাজার বেসরকারী প্রাথমিক স্কুলে তালা ঝুলিয়ে ধর্মঘ[illegible] পালনের পর ১০ অক্টোবর রাজধানীর মুক্তাঙ্গনে মহাসমাবেশ করে ওইদিন দুপুর ২টা থেকে দাবী না আদায় হওয়া পর্যন্ত আমরণ অনশন

২-এর পৃঃ ২-এর কঃ দেখুন




*ইনকিলাব ঃ চাকুরী জাতীয়করণের ১ দফা বাস্তবায়নের দাবীতে গতকাল কেন্দ্রীয় শহীদ মিনার থেকে বাংলাদেশ বেসরকারী [illegible] পদযাত্রা কর্মসূচী পালন করে*

## বেসরকারী প্রাইমারী স্কুলে

১২-এর পৃষ্ঠার পর

পালনেরও ঘোষণা দেয়া হয়েছে। একই সাথে ৬ বিভাগ থেকে প্রাইমারী স্কুলের ৬ জন শিক্ষক ও ৬ জন শিক্ষিকা চাকরি জাতীয়করণের দাবী আদায়ে স্বেচ্ছায় আত্মাহুতি দেবেন বলেও জানান সমিতির সভাপতি মোহাম্মদ সামসুল আলম। বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ এ ঘোষণার আগে কেন্দ্রীয় শহীদ মিনারে গতকাল (বুধবার) দ্বিতীয় দিনের মত প্রতীক অনশন পালন করেছেন। পুলিশের বাধা উপেক্ষা করে কেন্দ্রীয় নেতৃবৃন্দ স্মারকলিপি দিয়েছেন প্রেসিডেন্টের দফতরে।

পূর্বনির্ধারিত কর্মসূচীর অংশ হিসেবে কেন্দ্রীয় শহীদ মিনারে সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত অনশনে সমিতিভুক্ত ৬৪ জেলার শিক্ষক প্রতিনিধিরা অংশ নেন। সমিতির সভাপতি মোহাম্মদ সামসুল আলমের সভাপতিত্বে অনশনস্থলে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন আলহাজ শহীদুল ইসলাম খান, মৃগেন্দ্র মোহন সাহা, সাইফুল ইসলাম, ফরিদুল হক, স্বপন কুমার রায়, এম এ জব্বার, সালাহউদ্দিন আহমেদ, আবুল কালাম আজাদ, কাজী মোজাম্মেল হক, শেখ ফরিদ উদ্দিন, মতিউর রহমান জাহাঙ্গীর, আবুল কালাম আজাদ, মোঃ আবদুর রশিদ প্রমুখ।

সমাবেশের পর দুপুর ১২টায় শিক্ষকরা প্রেসিডেন্টের কাছে স্মারকলিপি দিতে বিক্ষোভ মিছিলসহ বঙ্গভবন অভিমুখে যাত্রা শুরু করে। পথে পুলিশের বাধায় শিক্ষকরা ক্ষিপ্ত হয়ে ওঠেন। বাকবিতণ্ডাও হয় পুলিশের সাথে। পুলিশের বাধার মুখে শিক্ষকরা সামনে এগুতে না পেরে রাজপথে বসে পড়েন। প্রায় একঘণ্টা ধরে রাস্তার উপরে অবস্থান শেষে পুলিশ কর্মকর্তাদের সাথে আলোচনার প্রেক্ষিতে ৫ সদস্যের প্রতিনিধি দল বঙ্গভবনে প্রেসিডেন্টের দফতরে প্রেসিডেন্টের সহকারী একান্ত সচিব-২